



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১০২৮

ফোন : ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ০২৪৮১১৬৬৬৫, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



স্মারক নং-৩৬.০৫.০০০০.০০৩.৪৭.৩৭৮.২২/৩৯৪২(১)

তারিখ: ১৪২৯ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
InnStar Ltd.
213/A, Tejgaon I/A, Dhaka-1208

বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

নিম্নবর্ণিত এলসি'র বিপরীতে থাইল্যান্ড হতে আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর পণ্যটির নমুনা ইতিমধ্যেই পরীক্ষার জন্য বিএসটিআই'র সংশ্লিষ্ট ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়েছে।

পণ্যের নাম	এলসি নং ও তারিখ	ব্রান্ড	বিল অব এন্ট্রি নং ও তারিখ	পরিমাণ (পিস/কেজি)
হাউজহোল্ড রেফ্রিজারেটর	140722010065, dt:22/06/22,	TEKA	C-24629, dt. 31.07.22	৬ পিস (৮১৬ কেজি)

পণ্যটি বন্দর হতে খালাস সহজিকরণের জন্য বিশেষ ক্ষেত্র বিবেচনায় নিম্নবর্ণিত শর্তে পণ্যটির অনুকূলে সাময়িক ছাড়পত্র দেয়া হলো।

শর্তসমূহ:

- সাময়িক ছাড়পত্র ইস্যুর পর আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর (৫ পিস) পণ্য অনধিক ৩ (তিন) দিনের মধ্যে আমদানিকারকের নিজস্ব ওয়্যারহাউজ/গুদামে মালামাল স্থানান্তরপূর্বক বিএসটিআইকে অবহিত করতে হবে।
- বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে উক্ত ওয়্যারহাউজ/গুদাম যাচাই করে সিলগালা করবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না হওয়া পর্যন্ত মালামাল InnStar Ltd. 213/A, Tejgaon I/A, Dhaka-1208. ওয়্যারহাউজ/গুদামে সিলগালা অবস্থায় থাকবে।
- বিএসটিআই কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই উক্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই জমাকৃত নমুনা সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে পরীক্ষণ (Test) করবে। বিএসটিআই'র পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক পাওয়া গেলে উক্ত পণ্যের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানসহ সিলকৃত ওয়্যারহাউজ/গুদাম বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে খুলে দিবে।
- পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক না হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে না ও কাস্টমস কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে এবং এ মালামাল বিক্রয়-বিতরণ করলে বিএসটিআই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- আমদানিকৃত পণ্য বিডিএস অনুযায়ী পরীক্ষণে অকৃতকার্য হলে আমদানিকারক নিজ জিম্মায় বিএসটিআই'র কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল ধ্বংস করবে এবং বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে একটি প্রতিবেদন তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে আমদানিকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানকে ভবিষ্যতে কোনো সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

(মোঃ নূরুল আমিন)

পরিচালক (সিএম)

টেলিফোন: ৫৫০৩০১১৩

অনুলিপি : (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

কমিশনার অব কাস্টমস

আইসিডি, কমলাপুর, ঢাকা।

জারি
স্বাক্ষর

০৮
(যমিন হোসেন)
সহকারী পরিচালক (সিএম)